

সারাদেশ

মাগুরায় তথ্য জানতে চাওয়ায় সাংবাদিককে পা কেটে নেওয়ার হুমকি

অবজারভার প্রতিনিধি

প্রকাশিত: বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬, ১১:৪৫ পিএম আপডেট: ১৬.০৯.২০২৬ ১১:৪৯ পিএম



অনিয়মের অভিযোগের বিষয়ে তথ্য জানতে চাওয়ায় কেন্দ্র করে মাগুরায় এক সাংবাদিককে অশালীন ভাষায় গালিগালাজ, পা কেটে নেওয়া ও মামলা দিয়ে হয়রানির হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় নিরাপত্তা চেয়ে মাগুরা সদর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন দৈনিক মানবকণ্ঠ ও এশিয়ান টেলিভিশনের মাগুরা জেলা প্রতিনিধি এস এম শিমুল রানা।

বুধবার (১৬ সেপ্টেম্বর) থানায় দেওয়া সাধারণ ডায়েরিতে সাংবাদিক শিমুল রানা উল্লেখ করেন, পেশাগত দায়িত্ব পালনের অংশ হিসেবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলায় কর্মরত মো. রেজাউল ইসলাম পিৎজার সঙ্গে একটি অভিযোগের বিষয়ে মুঠোফোনে তথ্য জানতে যোগাযোগ করেন তিনি।

এ সময় রেজাউল ইসলাম তাঁর সঙ্গে অশালীন ভাষায় কথা বলেন। একপর্যায়ে তাঁকে অকথ্য ভাষায় গালিগালাজ, পা কেটে নেওয়া এবং মামলা দিয়ে হয়রানির হুমকি দেওয়া হয় বলে অভিযোগ করেন সাংবাদিক শিমুল রানা। অভিযুক্ত রেজাউল ইসলাম মাগুরা সদর উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের জয়েন উদ্দিনের ছেলে।

জিডিতে তিনি আরও উল্লেখ করেন, সাংবাদিক হিসেবে তথ্য সংগ্রহ ও সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য নেওয়া তাঁর পেশাগত দায়িত্বের অংশ। কিন্তু তথ্য জানতে গিয়ে এ ধরনের হুমকি ও অসৌজন্যমূলক আচরণের কারণে তিনি নিরাপত্তাহীনতায় ভুগছেন। ভবিষ্যতে অনাকাঙ্ক্ষিত কোনো ঘটনা ঘটতে পারে—এমন আশঙ্কায় বিষয়টি সাধারণ ডায়েরিভুক্ত করার আবেদন করেন তিনি।

সাংবাদিক শিমুল রানা বলেন, “একটি অভিযোগের বিষয়ে তথ্য জানতে মুঠোফোনে তাঁর সঙ্গে যোগাযোগ করি। কিন্তু তিনি অভিযোগের বিষয়ে কোনো তথ্য না দিয়ে আমাকে বিভিন্নভাবে হুমকি-ধমকি দেন। এমনকি পা কেটে নেওয়া ও মামলা দেওয়ারও হুমকি দেন। এ ঘটনায় আমি বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছি।”

এ ঘটনায় মাগুরা সদর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে বলে জানিয়েছেন সাংবাদিক শিমুল রানা। তবে অভিযোগের বিষয়ে অভিযুক্ত মো. রেজাউল ইসলাম পিৎজার বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

তথ্য সংগ্রহ করতে গিয়ে সাংবাদিককে হুমকি দেওয়ার অভিযোগে স্থানীয় সাংবাদিকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তাঁরা অভিযোগটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

এ ব্যাপারে মাগুরা রিপোর্টার্স ইউনিটির সভাপতি মো. ইউনুছ আলী বলেন, “তথ্য জানতে চাওয়ায় সাংবাদিককে



সর্বশেষ



টেকনাফে পিকআপ-অটোরিকশা সংঘর্ষে নিহত ২, আহত ৪



মক্কা-মদিনা নিয়ে কোনও আপস করবে না বাংলাদেশ: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



বিএসএফের গুলিতে বাংলাদেশি আহত, প্রতিবাদে ফাঁকা গুলি বিজিবির

সর্বাধিক পঠিত



চলতি অর্থবছরে রেমিট্যান্স প্রবাহ প্রবৃদ্ধি ১৩ শতাংশের বেশি



প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ



বাংলাদেশ-আসামের নতুন বাণিজ্যিক দুয়ার খুলে দিল ব্রহ্মপুত্র



অকথ্য ভাষায় গালিগালাজ, পা কেটে নেওয়ার হুমকি ও মামলা দিয়ে হয়রানির ভয় দেখানো অত্যন্ত নিন্দনীয়। এ ধরনের হুমকি স্বাধীন সাংবাদিকতার ওপর সরাসরি আঘাত। আমরা এর তীব্র প্রতিবাদ জানাই। অবিলম্বে হুমকিদাতার বিরুদ্ধে তদন্তসাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। সাংবাদিকের নিরাপত্তা নিশ্চিত না হলে সাংবাদিক সমাজ কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবে।”

এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার খাইরুল ইসলাম বলেন, “এ বিষয়ে মাগুরা সদর থানায় সাধারণ ডায়েরি হয়েছে। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

ইএ/আরএন

আরো দেখুন



টেকনাফে পিকআপ-অটোরিকশা সংঘর্ষে নিহত ২, আহত ৪



বিএসএফের গুলিতে বাংলাদেশি আহত, প্রতিবাদে ফাঁকা গুলি বিজিবির



কুমিল্লায় কিশোরীকে হত্যা করেন অটোরিকশা চালক সুমন



ডেঙ্গুমুক্ত চট্টগ্রাম গড়তে মাঠে জেলা প্রশাসক



সুন্দরবনের ১৫ জলদস্যুর আত্মসমর্পণ



লালমনিরহাটে ট্রাকের চাপায় নিহত দুই নারী



পটুয়াখালী পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করার উদ্যোগে অভিনন্দন জানিয়ে আনন্দ মিছিল



শীতের আগমনে সিরাজগঞ্জে খাল বিলে অতিথি পাখি, ফাঁদ পেতে ধরার অভিযোগ

- জাতীয়
- আন্তর্জাতিক
- সারাদেশ

- অর্থনীতি
- খেলাধুলা
- বিনোদন

- লাইফস্টাইল
- স্বাস্থ্য
- শিক্ষা

- মতামত
- অমণ
- সাক্ষাৎকার

dailyobserver

সম্পাদক: ইকবাল সোবহান চৌধুরী

অবজারভার লিমিটেডের পক্ষে সম্পাদক কর্তৃক যোব প্রিন্টার্স, ২৪/এ, নিউ ইন্সটন রোড, রমনা, ঢাকা থেকে প্রকাশিত।

সম্পাদকীয়, বার্তা ও বাণিজ্যিক কার্যালয়: আজিজ ভবন (৩য় তলা), ৯৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা (সি/এ), ঢাকা-১০০০।

ফোন: পিএবিএক্স- ৪১০৫৩০০১-০৬; বিজ্ঞাপন: ৪১০৫৩০১২; ০১৭৯৩৩১৭৮-২৯, ০১৫৫০৭০৭২৯১, ই-মেইল: mailobserverbd@gmail.com, add.observerbd@gmail.com অনলাইন: ৪১০৫৩০১৪; ০১৫৫০৭০৭২৯৭ ই-মেইল: online@dailyobserverbd.com ০১৫৫০৭০৭২৯৬



শিরোনাম

• টেকনাফে পিকআপ-অটোরিকশা সংঘর্ষে নিহত ২, আহত ৪

• মক্কা-মদিনা নিয়ে কোনও আপস করবে না বাংলাদেশ: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

• কুমিল্লায় কিশোরীকে হত্যা করেন অটোরিকশা চালক সুমন

• দিচ্ছি